গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪১.১১.০৮৩.২৫-১৯৩

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩২ / ১০ জুলাই ২০২৫

## নিয়োগপত্র

মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ মোতাবেক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২২ এপ্রিল ২০২৫ তারিখের ৩৪.০০.০০০০.০৪১.১১.০৮৩.২৪.১০২ সংখ্যক স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের রাজস্বখাতভুক্ত ক্যাশ সরকার পদে নিম্নবর্ণিত ব্যক্তিকে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭) বেতনক্রমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নং | প্রার্থীর রোল নম্বর | প্রার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম | পদের নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১. | ১৩০০০৩৭৮ | নাম: মোঃ রায়হান ইসলাম<br>পিতা: আঃ মালেক<br>মাতা: রাহেলা বেগম | ক্যাশ সরকার<br>(রাজস্বখাতে স্থায়ী) | গ্রাম: পানান<br>পো: বাকচান্দা<br>উপজেলা: হোসেনপুর<br>জেলা: কিশোরগঞ্জ | গ্রাম: পানান<br>পো: বাকচান্দা<br>উপজেলা: হোসেনপুর<br>জেলা: কিশোরগঞ্জ |

**শর্তাবলি:**

১) প্রার্থীকে সিভিল সার্জনের নিকট থেকে স্বাস্থ্য পরীক্ষা (ডোপ টেস্ট বাধ্যতামূলক) করে শারীরিক সুস্থ্যতার সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

২) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সম্পূর্ণরূপে সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে, নিয়োগপ্রাপ্ত ব্যক্তির স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে গরমিল প্রমাণিত হলে এবং শিক্ষাগত সনদে কোন প্রকার ত্রুটি প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৩) প্রার্থীকে "যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না" মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে;

৪) এ পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসর তার চাকরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;

৫) শিক্ষানবিশকালে তার আচরণ ও কার্যাবলি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতীত তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

৬) চাকরির জ্যেষ্ঠতা সরকারি বিধি-বিধান মোতাবেক নির্ধারিত হবে;

৭) এ পদের জন্য যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিশকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ০২ (দুই) বৎসর পর তার চাকরি স্থায়ী করা হবে;

৮) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরির বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে। এছাড়া সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

৯) সরকারি চাকরি হতে ইস্তফা প্রদান করতে হলে ০২ (দুই) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। ০২ (দুই) মাস পূর্বে আবেদন করা না হলে এক মাসের মূল বেতনের সমপরিমান অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করে চাকরি হতে ইস্তফা প্রদান করা যাবে। ইস্তফাপত্র কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে চাকরি থেকে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে সরকারি বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

১০) নির্বাচিত প্রার্থীকে ৩১.০৭.২০২৫ তারিখের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

১১) এ চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

মোঃ জিল্লুর রহমান
উপসচিব
ফোন : ২২৩৩৫৫০৫

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪১.১১.০৮৩.২৫-১৯৩

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩২ / ১০ জুলাই ২০২৫

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় (যুব ও ক্রীড়া মন্ত্রণালয়), সেগুনবাগিচা, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। জনাব মোঃ রায়হান ইসলাম, পিতা: আঃ মালেক, গ্রাম: পানান, পো: বাকচান্দা, উপজেলা: হোসেনপুর, জেলা: কিশোরগঞ্জ।
১৫। অফিস কপি/মাস্টার কপি।

মোঃ জিল্লুর রহমান
উপসচিব